মেহেরপুর আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের ৩৫ নেতা আসামি, অজ্ঞাত অর্ধশতাধিক

মেহেরপুরে আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও অঙ্গসংগঠনের ৩৫ নেতার নামে বিশেষ ক্ষমতা আইনের মামলা দায়ের করা হয়েছে।

গত ১১ নভেম্বর রাতে মেহেরপুর সরকারি কলেজ মোড়ে অবস্থিত জুলাই স্মৃতিস্তম্ভে আগুনের গোলা নিক্ষেপ ঘটনায় ১২ই নভেম্বর বিকালে পুলিশ বাদী হয়ে মেহেরপুর সদর থানায় এ মামলা দায়ের করা হয়েছে । মামলায় অজ্ঞাত আরো ৫০/৬০ জনকে আসামি করা হয়েছে। মামলায় নামীয় ৩৫ আসামির মধ্যে দুইজনকে গ্রেফতার করা হয়েছে। তারা হলেন ইব্রাহিম ইসলাম আকাশ ও আলী কদর শাওন।

মামলার আসামীরা হলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ও জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি বারিকুল ইসলাম লিজন (৩৮), জেলা ছাত্রলীগের সভাপতি মাসুদ রানা (২৬), সাবেক সভাপতি আব্দুস সালাম বাঁধন (৩০), জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু মোর্শেদ শোভন সরকার (২৫), জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মো. কুতুব উদ্দিন আহমেদ (২৬), জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবাহান (৪০)।

এছাড়াও আসামির তালিকায় রয়েছেন সহসভাপতি দুলাল মাহমুদ (৩৮), যুগ্ম সাধারণ সম্পাদক আশিক মাহমুদ (২৫), গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবির হামজা (২২), জেলা স্বেচ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক উছাইদ আলী (৪২), জেলা ছাত্রলীগের সহসভাপতি সবুজ হোসেন (২২), মো. সায়েম খন্দকার (২৪), জয় আহম্মেদ খান (২০), এস এম আল রাতুল (২১), মানিক ফরাজী (২২), মুজিবুল হক মানিক (২৩), মো. মবিনুর রহমান তন্ময় (২৩), তানভীর হাসান শিশির জয় (২০) ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মো. সাব্বির হোসেন (২৩), গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. আনারুল ইসলাম বাবু ওরফে ডিস বাবু (৪৮), কুতুবপুর ইউনিয়ন তাঁতী লীগের সভাপতি মো. আরিফ (৩৮), ৫ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মো. আল-আমিন (৫৮), ২ নম্বর ওয়ার্ড যুবলীগের সভাপতি মো. নাসির উদ্দিন (৫২)

এবং বারাদী ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মো. আরিফুল ইসলাম লিটনকে (৪৫), মো. ইব্রাহিম ইসলাম আকাশ (২৪), আলী কদর ওরফে শাওন (১৯), সোহাগ (২১), আনন্দ (২৮), সজল, আনাফ চৌধুরী টনি (২১), রাজন মেম্বার (৩৯), মো. ইয়াসিন (৪২), মো. মারুফ (২৪), মো. মিলন হোসেন (৪৫), আব্দুল হান্নান গুটলি মেম্বার (৪৫) ও মো. আরিফুল ইসলাম লিটন।

মামলায় অজ্ঞাতনামা আরও ৫০ থেকে ৬০ জনকে আসামি করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির জানান, বিশেষ ক্ষমতা আইনে আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের ৩৫ জনকে আসামি করে একটি মামলা দায়ের করা হয়েছে।